

💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৬৪: ইমাম মুসলিম বর্ণিত আবু হুরায়রাহ রাদিয়াল্লাহু 'আনহ্—এর হাদীছে রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'কোনো মুসলিম ব্যক্তির রূহ যখন বের হয়ে যায়, তখন দু'জন ফেরেশতা তা নিয়ে উপরে উঠে। হাম্মাদ (হাদীছটির একজন বর্ণনাকারী) বলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম ঐ রূহের সুগন্ধি এবং মিস্কে আম্বরের কথা উল্লেখ করলেন। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, ঐ সময় আসমানবাসী বলেন, যমীন থেকে পবিত্র আত্মা এসেছে।...আল্লাহ আপনার উপর রহমত বর্ষণ করুন এবং আপনার শরীরের প্রতিও রহমত বর্ষণ করুন, যাকে আপনি সৎ আমল দ্বারা পরিচালিত করতেন। অতঃপর তাকে তার প্রভূর দিকে নিয়ে যাওয়া হবে। তারপর আল্লাহ বলবেন, একে শেষ সময় পর্যন্ত নিয়ে যাও। অনুরূপভাবে কাফেরকেও বলা হয়, একে শেষ সময় পর্যন্ত 'দারা কি বুঝানো হয়েছে?

এখানে 'শেষ সময়' দ্বারা ক্রিয়ামত দিবস বুঝানো হয়েছে।[2]

ফুটনোট

- [1]. মুসলিম, 'জানাযা' অধ্যায়, হা/২৮৭২।
- [2]. অর্থাৎ তাদের উভয়কে এমন স্থানে নিয়ে যাও, যা তাদের প্রত্যেকের কিয়ামত পর্যন্ত অবস্থানের জন্য তৈরী করে রাখা হয়েছে। কাষী আয়ায বলেন, মুমিনের আত্মাকে সিদরাতুল মুনতাহা পর্যন্ত নিয়ে যাও। আর কাফিরের আত্মাকে নিয়ে যাও সিজ্জীন পর্যন্ত (মিরকাতুল মাফাতীহ শারহু মিশকাতিল মাছাবীহ, হা/১৬৪৩-এর ব্যাখ্যা দ্রঃ)।—অনুবাদক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1721

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন